Shahjalal University of Science and Technology
Sylhet 3114, Bangladesh

স্মারক নং শাবি/সিএসই/৩৮৩ তারিখ: ৩০-০৯- ২০২০ খ্রি.

মুজিববর্ষের স্মারকগ্রন্থের জন্যে প্রবন্ধ আহ্বান

(পুন:বিজ্ঞপ্তি)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিক (মুজিববর্ষ) উপলক্ষ্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অন্যান্য কর্মসূচির সঙ্গে মুজিবীয় 'স্মারকগ্রন্থ' প্রকাশের উদ্‌যোগ গ্রহণ করেছে। এই 'স্মারকগ্রন্থে'র জন্যে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের কাছ থেকে বঙ্গবন্ধুর ওপর মৌলিক প্রবন্ধ ও নিবন্ধমূলক লেখা আহ্বান করা যাচ্ছে।

মৌলিক প্রবন্ধ-নিবন্ধ ছাড়াও বঙ্গবন্ধুর বিরল আলোকচিত্র, বঙ্গবন্ধুর সিলেট আগমনের স্থানের বর্ণনা ও ছবি, বঙ্গবন্ধুর সঙ্গে প্রত্যক্ষ সাক্ষাতের তথ্য-প্রমাণ বা দলিলাদি, বঙ্গবন্ধুর স্বহস্তে লিখিত চিঠি-সহ প্রাসঙ্গিক বিষয়াদি (যদি থাকে) আগামী ৩০/১১/২০২০খ্রি. তারিখের মধ্যে mujib.borso@sust.edu-এই ই-মেইলে **অথবা** জনাব মোহাম্মদ জয়নাল আবেদীন, সিএসই বিভাগ, (সদস্য-সচিব, স্মারকগ্রন্থ প্রকাশনা পর্ষদ)-এর নিকট প্রেরণের জন্যে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য, উপস্থাপিত যেকোনো লেখা ও প্রাসঙ্গিক বিষয়াদি প্রকাশে সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। স্মারকগ্রন্থের একটি গাইডলাইন এতদসঙ্গে সংযুক্ত রয়েছে।

(প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস)
অধ্যাপক, গণিত বিভাগ ও
সম্পাদক, মুজিববর্ষের মুজিবীয় 'স্মারকগ্রন্থ' সম্পাদনা পর্ষদ, শাবিপ্রবি

বিতরণ :
সকল বিভাগীয় প্রধান/দপ্তর প্রধান/পরিচালক, ..., শাবিপ্রবি, সিলেট (তাঁকে অনুগ্রহ করে বিভাগ/দপ্তরের সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীকে অবহিত করার অনুরোধ করা হলো)।

Phone: 880-821-713850, 714479, 717850 Fax: +880-821-715257

Shahjalal University of Science and Technology
Sylhet 3114, Bangladesh

শাবিপ্রবি'র পক্ষ থেকে মুজিবীয় স্মারকগ্রন্থ প্রকাশনা-সংশ্লিষ্ট গাইড লাইন

- মুজিববর্ষ উপলক্ষ্যে মানসম্মত ও উন্নতমানের একটি 'স্মারকগ্রন্থ' বাংলায় প্রকাশ করা হবে।
- বিষয়ভিত্তিক কিছু লেখা (যেমন : 'বঙ্গবন্ধু ও ভাষা আন্দোলন', 'বঙ্গবন্ধু ও ছয়দফা', 'বঙ্গবন্ধু ও শিশু', 'বঙ্গবন্ধু ও সোনার বাংলা', 'শিক্ষায় বঙ্গবন্ধুর অবদান', 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ', 'বঙ্গবন্ধু ও মাতৃভাষা আন্দোলন', 'বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন' প্রভৃতি) এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্মের সঙ্গে সংশ্লিষ্ট যেকোনো লেখা প্রকাশ করা হবে।
- প্রবন্ধ সর্বোচ্চ ৪০০০ শব্দের মধ্যে SuttonnyMJ ফন্টে ১৪ সাইজে হতে হবে।
- প্রবন্ধে বাংলা একাডেমি প্রণীত প্রমিত বাংলা বানানরীতি অনুসরণ করতে হবে।
- লেখায় তথ্যসূত্র যথাযথভাবে উল্লেখ করতে হবে।
- স্মারকগ্রন্থের 'ছবি গ্যালারি'-এর জন্যে বঙ্গবন্ধুর বিরল কিছু ছবি সংগ্রহ করা হবে এবং বঙ্গবন্ধুকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানমালার ছবি স্মারকগ্রন্থে স্থান পাবে।
- প্রাপ্ত প্রবন্ধ-নিবন্ধ প্রকাশের ক্ষেত্রে সম্পাদনা পর্ষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- উদ্ধৃতির ক্ষেত্রে মূল বানানের কোনো পরিবর্তন করা যাবে না। টীকা ও বক্তব্যের উৎস স্বতন্ত্রভাবে উল্লেখ করতে হবে। টীকার ক্ষেত্রে শব্দের ওপর সুপার স্ক্রিপ্টে সংখ্যা ব্যবহার করতে হবে এবং সংশ্লিষ্ট পৃষ্ঠার শেষে ফুটনোটে টীকা উপস্থাপন করতে হবে।
- মূল পাঠের মধ্যে উদ্ধৃতি তিন লাইনের বেশি থাকলে পৃথক অনুচ্ছেদে তা উপস্থাপন করতে হবে।

Phone: 880-821-713850, 714479, 717850 Fax: +880-821-715257